শিশুদের জন্য বাইবেল

নিবেদন করছে



দানিয়েল ও সিংহের গুহা

লেখক: Edward Hughes
অনুবাদক: Manab Biswas
চিত্রাংকন: Jonathan Hay
অভিযোজন: Mary-Anne S.

গল্প ৬০ এর ৩৪

www.M1914.org

Bible for Children, *PO Box 3, Winnipeg, MB R3C 2G1 Canada*

স্বত্তাধিকার:গল্পটির অনুলিপি বা প্রিন্ট ব্যবহার করা যাবে তবে বিক্রয় করা যাবেনা।

বাংলা

Bengali

দারিয়াবস ব্যাবিলনের নতুন রাজা হয়েছেন। তিনি সুপুরুষ ছিলেন। তিনি একশো কুড়িজন শ্রেষ্ঠ লোকেক তার রাজ্য চালানোর জন্য বেছে নিলেন।



তারপর তিনি তাদের মধ্যে তিনজনকে দায়িত্ববার দেবার জন্য বেছে নিলেন। দানিয়েল ঐ তিনজনের মধ্যে একজন ছিলেন।



রাজা দারিয়াবস দানিয়েলকে অনেক সম্মান করতেন যে, তিনি তাকে ব্যাবিলনের শাসনকর্তা বানানোর কথা চিন্তা করেছিলেন।



3

অন্য নেতারা হিংসা করছিল। তারা দানিয়েলের দোষ খুঁজে পাওয়ার জন্য পরিকল্পনা করতে লাগল, যাতে রাজার সাথে তার সমস্যা হয়।

4

যে ভাবেই হোক না কেন, তারা চেষ্টা করছিল, কিন্তু এই নেতারা দানিয়েলের কোনও দোষ খুঁজে পেল না। দানিয়েল রাজার প্রতি সৎ ছিলেন ও সঠিক ছিলেন, তিনি যা করতেন ও সবসময় যা ভালো তাই তিনি করতেন।

5

ঈর্ষান্বিত নেতারা জানত যে, একটি উপায়ে তারা দানিয়েলকে ফাঁদে ফেলতে পারে। তারা জানত যে, ইস্রায়েলের ঈশ্বরের উপাসনা থেকে কোনও কিছুই তাকে থামাতে পারবে না।

6



দানিয়েলের শত্রুরা একটি পরিকল্পনা করল। তারা একটা নতুন আইন বার করে রাজাকে হস্তাক্ষর করতে বলল। রাজার হুকুমে বলা আছে যে, একমাত্র দারিয়াবসের উপাসনা করা উচিত। যারা এটা অমান্য করবে, তাদের সিংহের গুহায় ফেলে দেওয়া হবে।

7

রাজা দারিয়াবস নতুন আইনে হস্তাক্ষর করলেন।

8

নতুন আইনে দানিয়েলের কোনও পার্থক্য হল না। সে আগে যা করত, তাই করলেন। তার খোলা জানালারর কাছে দিনে তিনবার নতজানু হয়ে স্বর্গের ঈশ্বরের প্রতি প্রার্থনা করলেন।
9


ঈর্ষান্বিত নেতারা রাজাকে বলার জন্য দৌড়াল। রাজা দারিয়াবসের কাছে দানিয়েলকে গ্রেপ্তার করা ছাড়া অন্য কোনও উপায় ছিল না। আইনকে মানতেই হবে। দানিয়েলকে মরতেই হবে। রাজা অনেক চেষ্টা করলেন, কিন্তু আইন পরিবর্তন করার কোনও পথ পেলেন না।
10

সিংহের গুহায় ফেলে দানিয়েলকে মৃত্যুদণ্ডের আদেশ দেওয়া হল। ক্ষুধার্ত সিংহের সামনে ফেলার আগে দারিয়াবস দানিয়েলকে জিজ্ঞাসা করলেন, “তোমার ঈশ্বর, যাকে ক্রমাগত উপাসন কর, তিনি তোমাকে রক্ষা করবেন”।
11

ঐ রাতে রাজা ঘুমাননি। পরদিন অনেক ভোরে তিনি দ্রুত সিংহের গর্তের দিকে ছুটলেন।
12

রাজা দারিয়াবস চিৎকার করে বললেন, “দানিয়েল, জীবন্ত ঈশ্বরের সেবক, তুমি যাঁর উপাসনা কর, তোমার সেই ঈশ্বর কি তোমাকে রক্ষা করেছেন?” হয়তো তিনি কোনও উত্তরের প্রত্যাশা করছিলেন না। কিন্তু দানিয়েল উত্তর দিলেন।
13


দানিয়েল ডাকলেন, “হে রাজন, আমার ঈশ্বর তাঁর দূত পাঠিয়েছেন ও সিংহদের মুখ বন্ধ করে দিয়েছেন, যাতে তারা আমার কোনও ক্ষতি করতে না পারে এবং হে রাজন আপনার সাক্ষাতে আমি কোনও দোষ করিনি।”
14

দানিয়েল ও সিংহের গুহা

ঈশ্বরের বাক্য থেকে বাইবেলের গল্প, বাইবেল,

যেখানে পাওয়া যায়

দানিয়েল ৬

“তোমার বাক্য প্রকাশিত হলে তা আলো দান করে।”
গীতসংহিতা ১১৯:১৩০

ঈশ্বর জানেন আমরা মন্দ কাজ করেছি, যাকে তিনি পাপ বলেন। পাপের শাস্তি হচ্ছে মৃত্যু।

ঈশ্বর আমাদের এতই ভাল বাসলেন যে তিনি তাঁর একমাত্র পুত্র যীশুকে পাঠালেন যেন আমাদের পাপের শাস্তিস্বরূপ তিনি ক্রুশে মৃত্যুবরন করেন। যীশু মৃত্যু থেকে জীবিত হলেন এবং স্বর্গে চলে গেলেন। এখন ঈশ্বর আমাদের পাপ ক্ষমা করতে পারেন।

আপনি যদি আপনার পাপ থেকে মন ফিরাতে চান তাহলে ঈশ্বরের উদ্দেশ্যে এই কথাগুলো বলুন:
প্রিয় প্রভু, আমি বিশ্বাস করি যীশু আমার জন্য মরেছেন এবং আবার জীবিত হয়েছেন। দয়াকরে আমার জীবনে এসো, যেন আমি নতুন জীবন পেতে পারি, এবং তোমার সংগে যেন অনন্তকাল ধরে থাকতে পারি। আমাকে সাহায্য কর যেন তোমার সন্তান হিসাবে বেচে থাকতে পারি। আমেন।

বাইবেল পড়ুন এবং প্রতিদিন ঈশ্বরের সংগে কথা বলুন!